



BOESL for Ethical, Safe and Low Cost Migration

ISO 9001 : 2015

**Bangladesh Overseas Employment & Services Limited (BOESL)**

(Ministry of Expatriates' Welfare &amp; Overseas Employment)

Estd. - 1984

**সরকারিভাবে জর্ডান- এর গার্মেন্টস কোম্পানি জিয়া অ্যাপারেল-এ পুরুষ/মহিলা কর্মী নিয়োগ।**

স্মারক নং- ৪৯.০২.০০০০.০০০.১১.০০৩.২২- ৮৮৮

তারিখ : ০৯.০৭.২০২৪ খ্রিস্টাব্দ

বোয়েসেল- এর মাধ্যমে জর্ডানস্থ GIA Apparel কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ/মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্রমিক নং	পদের নাম	লিঙ্গ	পদ সংখ্যা	বেতন (জর্ডানি দিনার)	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা	আবেদনের মাধ্যম
০১	কোয়ালিটি চেকার	পুরুষ/মহিলা	৮০	১৪০	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা।	অনলাইন।
০২	ব্যাচ অডিটর	পুরুষ/মহিলা	৩০	১৪০	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা।	অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা চার্জ পরিশোধ করতে হবে।
০৩	প্রোডাকশন সুপারভাইজার	পুরুষ/মহিলা	২০	৩৫০	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা	
০৪	কোয়ালিটি সুপারভাইজার	পুরুষ/মহিলা	৩০	৩৫০	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা।	
০৫	কোয়ালিটি এক্সিকিউটিভ	পুরুষ/মহিলা	০৬	৬০০	সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ০৫ বছরের অভিজ্ঞতা।	

বি.দ্র.: ক্রমিক নং ১-৪ নং পদের জন্য এসএসসি / সমমান প্রার্থীদের এবং ০৫ নং পদের জন্য স্নাতক ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

**চাকরির শর্তাবলি:**

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (২) দৈনিক ১০ (দশ) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :**

নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বিমা, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। তবে মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। জর্ডানে গমন করার পর প্রার্থীর মেডিকেল ফি ও ফিঙ্গার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্তৃক কর্মীকে ফেরত প্রদান করা হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :**

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি (৩) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে) (৫) Bio-data (জীবন বৃত্তান্ত)। আত্মহী প্রার্থীদের নিম্নোলিখিত লিংক এর মাধ্যমে আবেদন করতে হবে। ইন্টারভিউ এর তারিখ ও সময় পরবর্তীতে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কল সেন্টার : ১৬১৩৫ [টোল ফ্রি] নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনলাইন আবেদন লিংক: <https://brms.boesl.gov.bd/>

আবেদনের শেষ তারিখ: ১০ জুলাই, ২০২৪ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।

4.7.24  
মোঃ হাবীবুল্লাহ খান  
ব্যবস্থাপক  
বিসিএল, ঢাকা

**Office Address :**

Probashi Kallyan Bhaban (4th Floor)  
71-72, Eskaton Garden  
Ramna, Dhaka-1000  
Bangladesh.

**Contact No :**

Tel : +88-02-58311838, 48319123, 48319124 (FAX)  
Fax : +88-02-5831-6577, +88-02-93-4652  
E-mail : info@boesl.gov.bd, md@boesl.gov.bd  
Web : www.boesl.gov.bd

Noman Chowdhury  
Assistant General Manager  
BOESL, Dhaka.